

**বন্যা উপদ্রুত এলাকার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ**  
**ইস্যুর তারিখ: ০৩.১০.২০১৯**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পূর্বাভাস অনুযায়ী আগামী কয়েকদিন গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধির কারণে পদ্মা নদীর পানি সমতলও বৃদ্ধি পাচ্ছে। এর ফলে আগামী কয়েকদিন পাবনা, চাপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, কুষ্টিয়া, মাগুরা, রাজবাড়ি, মানিকগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, শরিয়তপুর ও মুন্সীগঞ্জ জেলার নীচু এলাকায় মাঝারী মাত্রার বন্যা দেখা দিতে পারে। এই পরিস্থিতিতে উপরোক্ত জেলাগুলোর জন্য বিশেষ পরামর্শ প্রদান করা হলো-

**বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ**

- জমির চারপাশের আইল উঁচু করে দিন
- ধানের জমির চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন
- জমি থেকে অতিরিক্ত পানি বের হয়ে যাওয়ার জন্য নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন
- সেচ, সার, বালাইনাশক প্রয়োগ বন্ধ রাখুন
- শীতকালীন সবজি বপন স্থগিত রাখুন
- পরিপক্ক সবজি দ্রুত সংগ্রহ করে ফেলুন
- কলা ও দণ্ডায়মান সবজিতে খুঁটির ব্যবস্থা করুন
- আখে প্রপিং করুন
- নীচু জায়গা থেকে উঁচু জায়গায় জরুরি খাদ্য ও অন্যান্য সামগ্রী নিয়ে যাওয়ার জন্য নৌকার ব্যবস্থা করে রাখুন
- হাঁস মুরগী ও গবাদি পশু উঁচু জায়গায় নিয়ে যাওয়ার ব্যবস্থা করুন
- পুকুরের চারপাশে উঁচু করে বাঁধ দিন। সম্ভব হলে জাল অথবা বাঁশের চাটাই দিয়ে পুকুর ঘিরে দিন যাতে আকস্মিক বন্যার পানিতে মাছ ভেসে যেতে না পারে।

**প্রচারে: কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**